# N.E.ELECTRONICS LIMITED

21/7, SAHAPUR COLONY, GROUND FLOOR, KOLKATA – 700053 CIN: L32203WB1983PLC282005
Web site: neelectronics.co.in
E-mail ID: ne_electronic@yahoo.co.in
Phone No.: +91 9163513015

**November 06, 2025**

**Head- Listing & Compliance**
**Metropolitan Stock Exchange of India Limited (MSEI),**
4th Floor, Vibgyor Towers, Plot No. C 62,
G Block, Opp. Trident Hotel,
Bandra Kurla Complex, Bandra (E),
Mumbai – 400098

Dear Sirs,

**Sub: Submission of Copies of Publication of N.E. Electronics Limited ("the Company") under Regulation 30 read with Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulation, 2015**

In terms of Regulation 30 read with Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 ("SEBI LODR"), we enclose the copy of the advertisements published on November 06, 2025 in "Sukhabar" (Kolkata Edition) and "Financial Express" (English) in connection with the Unaudited Financial Results (Standalone) for the Quarter and six months September 30, 2025 of the Company, approved in the Board Meeting held on Tuesday, November 04, 2025 and the same are available on the website of the Company https://neelectronics.co.in/

We request you to take the above on record as compliance with relevant regulations of SEBI LODR and disseminate to the stakeholders.

Thanking you.
Yours Truly,

For **N.E. ELECTRONICS LTD**

SANDIP KUMAR SINGH
Digitally signed by SANDIP KUMAR SINGH
Date: 2025.11.06 15:48:09 +05'30'

**(SANDIP KUMAR SINGH)**
**Director**
**DIN: 08443518**

# বারাকপুরে এসআইআর ফর্ম বিলি করতে বেরিয়ে জখম বিএলএ ২

**প্রতীতি ঘোষ, বারাকপুর :** বারাকপুর বিধানসভার অন্তর্গত বারাকপুর পুরসভার ১৫নং ওয়ার্ডে ১১৮নং পার্টের এসআইআরের ফর্ম বিলি করতে গিয়ে বিজেপির এজেন্টকে মারধর করার অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। সূত্রের খবর, বিশ্বজিৎ কর নামে বিজেপির ওই এজেন্ট এদিন বিএলও'র সঙ্গে ১৫নং ওয়ার্ডে ঘুরে ঘুরে এসআইআরের ফর্ম বিলি করছিলেন। অভিযোগ, সেসময় স্থানীয় তৃণমূলের কিছু কর্মী বিজেপির ওই এজেন্টকে এসআইআর করা নিয়ে কিছু বিতর্কিত কথা বলেন। যার জেরে প্রথমে বচসা বাধে। পরে স্থানীয় তৃণমূলের কিছু যুবকের সঙ্গে হাতাহাতি শুরু হয়। বিজেপি



এজেন্টের দাবি, তৃণমূলের ছেলেরা তাঁকে ধাক্কা দেয় ও মারধর করে। সবই ঘটেছে বিএলও'র সামনে। তবে এই হাতাহাতির ঘটনা রাজনৈতিক নয় বলেই দাবি করে বারাকপুরের পুরপ্রধান উত্তম দাস জানান, 'এতে এসআইআরের কোনো ব্যাপার নেই। নিজেদের এলাকার কোনো ঝামেলা নিয়ে কথা কাটাকাটি হয়েছে। যদি কিছু হয়ে থাকে প্রশাসন ব্যবস্থা নেবে। এসআইআর নিয়ে চিন্তায় থাকার তেমন কোনো কারণ নেই। আমরা তা বারবার বুঝিয়ে দিচ্ছি সকলকে। ব্যক্তিগত কোনো কারণে গণ্ডগোল বেঁধে গিয়েছিল। কিন্তু বিএলএ'কে মারধর করেনি। বচসা হয়েছে।' এদিকে প্রাক্তন বিজেপি সাংসদ অর্জুন সিংয়ের সাফ জবাব, 'ফাঁকা কলসি বেশি আওয়াজ দিচ্ছে। আমরা জল ভরে দিলেই আর বেশি আওয়াজ করতে পারবে না তৃণমূল।' এনিয়ে বারাকপুরের মহকুমাশাসকের কাছে অভিযোগ জানান আক্রান্ত বিজেপি এজেন্ট। তবে বারাকপুরের মহকুমাশাসক এনিয়ে মুখ খুলতে চাননি। তিনি জানান, 'প্রশাসন ব্যবস্থা নেবে।'

# বন্দেমাতরমের ১৫০ বছর পূর্তি পালন করবে বিজেপি : শমীক

**উজ্জ্বল দত্ত, কলকাতা :** বুধবার সল্টলেকে বিজেপির পার্টি অফিসে সাংবাদিক সম্মেলনে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, '৭ নভেম্বর থেকে আগামী ১ বছর দেশজুড়ে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা 'বন্দেমাতরম' গানের দেড়শো বছর পালন করতে চলেছে বিজেপি। শুধু ব্রিটিশ ভারতেই নয়, বর্তমান যুগে দাঁড়িয়েও স্কুল কলেজ থেকে শুরু করে, সীমান্তে সেনাবাহিনী, রাজনৈতিক দল বন্দেমাতরম ব্যবহার করে। এই শব্দ ভারতীয়দের মধ্যে এক অনুরণন তৈরি করে। এই বন্দেমাতরম ধ্বনি নিয়ে অনেক বিপ্লবী ফাঁসির দড়ি নিজের গলায় তুলে নিয়েছিলেন। এই বন্দেমাতরম ধ্বনির জন্য মাতঙ্গিনী হাজরা নিজের বুকে গুলি টেনে নিয়েছিলেন। সেই বন্দেমাতরমের বিরুদ্ধে কংগ্রেস পথে নেমেছিল দিল্লিতে। তারা বলেছিল এই গান মুসলিমদের পক্ষে গাওয়া সম্ভব নয়। যখন কংগ্রেস দিল্লির রাস্তায় প্রতিবাদ মিছিল নামে তখনো



মমতা বন্দ্যোপাধ্যায়ের যথেষ্ট জনপ্রিয়তা ছিল। তিনি প্রতিবাদ করতে পারতেন কিন্তু তা করেননি। ১৯৩৭ সালে কংগ্রেস ওয়ার্কিং কমিটির সভা হয়। তাঁরা সেদিন বন্দেমাতরমকে খণ্ডিত করে দিয়েছিলেন। আমরা চাই এই প্রজন্ম সংক্ষিপ্ত বন্দেমাতরম নয়, পূর্ণাঙ্গ বন্দেমাতরম-এর রূপ জানুক। আমাদের কেন্দ্রীয় মন্ত্রী ও সর্বভারতীয় নেতারা এই কর্মসূচিতে শামিল হবেন। ৬১ জায়গায় কাল অখণ্ড বন্দে মাতরম গাওয়া হবে।' এই কর্মসূচিতে হুগলিতে যে বন্দেমাতরম ভবন আছে সেখানে আমাদের সর্বভারতীয় সাধারণ সম্পাদক সুনীল বনশাল থাকবেন। এছাড়াও বঙ্কিমচন্দ্রের পৈতৃক বাসভবন উত্তর ২৪ পরগনার কাঁঠালপাড়ায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ড. সুকান্ত মজুমদার থাকবেন, মুর্শিদাবাদের লালগোলায় থাকবেন রাহুল সিনহা, কলকাতার কলেজ স্ট্রিটে থাকবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, উত্তর ২৪ পরগনায় থাকবেন কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব। অথচ বন্দেমাতরম নিয়ে বিতর্কে সৌগত রায় বলেছিলেন, বন্দেমাতরম-এর মধ্যে সাম্প্রদায়িকতা আছে। বামফ্রন্ট আমলে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য বলেছিলেন, তাঁর ভাবলে আশ্চর্য লাগে কীভাবে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের মতো ঔপন্যাসিক আনন্দমঠের মতো উপন্যাস লিখেছিলেন। বন্দেমাতরমের বিরুদ্ধে রাজনৈতিক দলের প্রতিবাদ অত্যন্ত লজ্জার।' তিনি বলেন, 'বন্দেমাতরম-এর মধ্য দিয়ে ভারত-আত্মা, ভারতীয় সাংস্কৃতিক জাতীয়তাবাদের যে প্রতিধ্বনি হয়েছে তার সৃষ্টিকাল, যাত্রা সম্পর্কে জানা দরকার।'

## খড়দহর আবাসনে ইডির হানা

**প্রতীতি ঘোষ, বারাকপুর :** মঙ্গলবার সন্ধ্যায় খড়দহ বিটি রোডের পাশে খড়দহ নর্মদা অ্যাপার্টমেন্টে ইডির ৪ সদস্যর তদন্তকারী দল ব্যবসায়ী মনোজ কুমার গুপ্তার ফ্ল্যাটে হানা দেয়। নিরাপত্তার স্বার্থে আবাসনটি ঘিরে রাখে কেন্দ্রীয় বাহিনী। ইডি আধিকারিকরা ব্যবসায়ীকে জিজ্ঞাসাবাদ করেন। সূত্রে খবর অনুযায়ী জাল পাসপোর্ট কাণ্ডর তদন্ত আর সেই সঙ্গে ওই ব্যবসায়ীর ব্যবসা সংক্রান্ত বিষয়ে জিজ্ঞাসাবাদ করতে হানা দেওয়া হয়। দীর্ঘ জিজ্ঞাসাবাদ ও তল্লাশির পর বুধবার ভোর রাতে ইডি আধিকারিকরা কিছু নথি সংগ্রহ করে চলে যান।

## আসানসোলে গণধর্ষণ করে খুনের ঘটনার তদন্তর দাবি

**রবীন্দ্রনাথ প্রামাণিক, আসানসোল :** হীরাপুর থানার জুনুট গ্রামের বাউরিপাড়ার বাসিন্দা অনাথ ১৯ বছরের প্রিয়াঙ্কা বাউরিকে গণধর্ষণ করে খুনের ঘটনার তদন্ত চেয়ে পুলিশ কমিশনারের কাছে আবেদন জানিয়েছেন সমাজকর্মী সুদীপ্তা পাল। তিনি তাঁর আবেদনপত্রে লিখেছেন, গত ৩ অক্টোবর তার ভাঙা বাড়িতে একা পেয়ে কে বা কারা গণধর্ষণ করে গুরুতর জখম অবস্থায় ফেলে চলে যায়। প্রতিবেশীরা প্রিয়াঙ্কার চিকিৎসার জন্য গত ১২ অক্টোবর আসানসোল জেলা হাসপাতালে ভরতি করে। সেখানেই গত ২৬ অক্টোবর রাত ১১টায় প্রিয়াঙ্কা মারা যায়। ২৭ অক্টোবর ডিসেরগড়ের ছিন্নমস্তা শ্মশানে তাকে দাহ করা হয়। সুদীপ্তা পাল আরো লিখেছেন, 'চিকিৎসাধীন অবস্থায় প্রিয়াঙ্কার গলা, পিঠ, গালে আর মুখে আঁচড়ের দাগ ও ক্ষতচিহ্ন পাওয়া যায়, যা প্রমাণ করে প্রিয়াঙ্কাকে গণধর্ষণ করা হয়েছিল। প্রিয়াঙ্কার বাবা ও মা মারা যাওয়ার পর অসহায় হয়ে জুনুট গ্রামের ভাঙা বাড়িতে একাই থাকত প্রিয়াঙ্কা। প্রিয়াঙ্কার অসহায়তায় কোনো আত্মীয় স্বজন এগিয়ে আসেননি। এই অবস্থায় মানবিক স্বার্থে ঘটনার প্রতি প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। একই সঙ্গে ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের মাধ্যমে দোষীদের শাস্তির দাবি জানাচ্ছি।'

## জগৎবল্লভপুরে বিএলও-র সঙ্গে উপপ্রধান, বিতর্ক

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** হাওড়ার জগৎবল্লভপুর বিধানসভার রুদ্রপুর গ্রামপঞ্চায়েত এলাকায় উপপ্রধানের বিরুদ্ধে বিএলও-র সঙ্গে বাড়ি বাড়ি ঘোরার অভিযোগ উঠল। বিজেপির দাবি, ফর্ম বিলির সময় পঞ্চায়েতের উপপ্রধান এভাবে বিএলও-র সঙ্গে যেতে পারেন না। হাওড়ার জেলাশাসক পি দীপাপ্রিয়া জানান, 'পঞ্চায়েতের প্রধান বা উপপ্রধান বিএলও-র সঙ্গে যেতে পারেন না। এ ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে'। নির্বাচন কমিশনের বিধি লঙ্ঘনের অভিযোগ উঠেছে।

## এসআইআর আতঙ্কে ভাঙড়ে আত্মহত্যা

**উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, ভাঙড় :** এসআইআর আতঙ্কে দক্ষিণ ২৪ পরগনা জেলার ভাঙড়ের জয়পুরের সফিকুল গাজি বুধবার গলায় গামছার ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেন বলে অভিযোগ। এসআইআর ঘোষণার পর থেকেই তিনি আতঙ্কে ছিলেন। তবে এলাকার একাংশের দাবি, সফিকুল কয়েক মাস আগে এক দুর্ঘটনায় জখম হন। এরপর থেকে মানসিকভাবে ভেঙে পড়েছিলেন। সফিকুলের স্ত্রী মদিরা বিবি বলেন, 'ও কয়েক দিন ধরে আতঙ্কে ছিল। বারবার বলছিল, আমার কোনো পরিচয়পত্র নেই। বারবার বোঝাতাম। কিন্তু এরই মধ্যে বুধবার সকালে এই কাণ্ড ঘটে গেল।'

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, আমার মক্কেল সবিতা মণ্ডল গত ইংরাজী ১৩/৯/২০২৪ তারিখ এডিসন্যাল রেজিষ্টার অফ এ্যসুরেন্স কোলকাতা অফিসে ১১০০৯ নং রেজিষ্ট্রীকৃত আমমোক্তার গ্রহিতা রানা হালদার এর নিকট হইতে জিরাকপুর মৌজার জে.এল. ৯৪, ১০৭৮ দাগে ১২১৬১ খতিয়ানে ২৩ শতক সম্পত্তির মধ্য হইতে ২.৪৭৯ শতক সম্পত্তি ২৫৪০ নং কোবলা মূলে খরিদ করেন। উক্ত সম্পত্তি MN Case No. ১০৮৬৮ নং কেস মূলে রেকর্ড করিবার জন্য বসিরহাট বি.এল. এন্ড এল.আর.ও অফিসে আবেদন করিয়াছেন। উক্ত সম্পত্তি রেকর্ড করিবার বিষয়ে যদি কাহার কোন আপত্তি থাকে তাহইলে ১ মাসের মধ্যে বসিরহাট বি.এল. এন্ড এল.আর.ও. বসিরহাট-১ অফিসে লিখিতভাবে জানান। বর্তমানে পাওয়ার দাতা ও গ্রহীতা জীবিত আছেন।

তপন মন্ডল
এ্যাডভোকেট, বসিরহাট কোর্ট, বসিরহাট

I, HASIB SEKH, S/o ABDUL DUL SEKH, residing at Vill, P.O. & P.S. Ketugram, Dist. Purba Bardhaman, W.B. do hereby declare that my son's (KISMAT SEKH) birth certificate (regd. no. 294 dt. 21.12.01), his father's name wrongly recorded as HASU SEKH. On 14.10.2025 vide affidavit no. 2412 before the 1st Class Judicial Magistrate, Katwa Court, I affirm that HASIB SEKH & HASU SEKH is the same & one identical person.

**e-TENDER NOTICE**

**NIT No.–39/APAS/2025-26 this office memo no - 5132 dated – 03.11.20257, 40/APAS/2025-26 this office memo no - 5133 dated – 03.11.2025, 41/APAS/2025-26 this office memo no - 5165 dated – 04.11.2025, 42/APAS/2025-26 this office memo no - 5166 dated – 04.11.2025 & 43/APAS/2025-26 this office memo no - 5167 dated – 04.11.2025 duly filled tender are invited for 81 nos schemes from bonafide, eligible resourceful contractor/agency for the work under Memari-II Panchayat Samity. Documents download/sell end date (Online) for Bid submission up to 25.11.2025 for detail information please contact with Memari-II P.S. office notice board/SAE Section and go through e-tender site wbtenders.gov.in.**

**Sd/-
Block Development Officer,
Memari-II Development Block,
Paharhati, Purba Bardhaman**

I, ALMA KHATUN BIBI, W/o AZAD SEKH, residing at Vill & P.O. Ketugram, P.S. Ketugram, Dist. Purba Bardhaman, PIN - 713140, West Bengal, India do hereby declare that in my daughter ALMENA KHATUN's birth certificate (regn. no. B/K.G.P./34/201 dt. 09.01.2017) my husband's name inadvertencely recorded as AJAD SK. On 11.09.2025 vide affidavit no. 1963 before the 1st Class Judicial Magistrate, Katwa, Purba Bardhaman, I affirm that my husband AZAD SEKH & AJAD SK is the same & one identical person.

I, ASMA KHATUN, W/o SK YEDULLA, residing at Vill. Brahmankhanda, P.O. Basapara, P.S. Nanoor, Dist. Birbhum do hereby declare that in my son SARAFAT SEKH's birth certificate (regn. no. 18 dt. 24.01.2011) my name has been erroneously recorded as ASMA BIBI. On 24.09.2025 vide affidavit no. 6306 before the 1st Class Judicial Magistrate, Bolpur, I affirm that ASMA KHATUN & ASMA BIBI is the same & one identical person.

## উৎসবের মরসুমে বাজাজ ফিনান্সের ঋণের পরিমাণ ২৭% বেড়েছে

**সুখবর ব্যুরো :** ভারতের বৃহত্তম বেসরকারি খাতের নন-ব্যাঙ্ক ঋণদাতা ও বাজাজ ফিনসার্ভের অংশ, বাজাজ ফিনান্স লিমিটেড জানিয়েছে, উৎসবের মরসুমে রেকর্ড সংখ্যক উপভোক্তাকে ঋণ দেওয়া হয়েছে। যা গত বছরের একই সময়ের তুলনায় পরিমাণের দিক থেকে ২৭% ও মূল্যের দিক থেকে ২৯% বেশি। বাজাজ ফিনান্স ২২ সেপ্টেম্বর থেকে ২৬ অক্টোবর ২০২৫ পর্যন্ত প্রায় ৬৩ লাখ ঋণ দিয়েছে। এই সময়ের মধ্যে কোম্পানি ২৩ লাখ নতুন গ্রাহক অর্জন করেছে। যার মধ্যে ৫২% নতুন ঋণগ্রহীতা, যা উল্লেখযোগ্যভাবে আর্থিক অন্তর্ভুক্তি বাড়িয়েছে। বাজাজ ফিনান্সের চেয়ারম্যান সঞ্জীব বাজাজ বলেন, 'দৈনন্দিন সব পণ্যকে আরো সাশ্রয়ী করে তোলার মাধ্যমে এইসব পদক্ষেপ কয়েক লাখ মধ্য ও নিম্ন আয়ের পরিবারকে উৎসবের মরসুমে আত্মবিশ্বাসের সঙ্গে ব্যয় করতে সাহায্য করেছে। এই উৎসবের মরশুমে আমাদের অর্ধেকেরও বেশি নতুন ঋণগ্রহীতা এসেছেন। যাঁরা আনুষ্ঠানিক আর্থিক ব্যবস্থা থেকে তাঁদের প্রথম ঋণ নিচ্ছেন। বাজাজ ফিনান্সের ডিজিটাল প্ল্যাটফর্ম ও ভারত জুড়ে ৪,২০০টি স্থানে ২৩৯,০০০ সক্রিয় ডেলিভারি পয়েন্টে আমাদের অন-দ্য-গ্রাউন্ড উপস্থিতির মাধ্যমে, আমরা আর্থিক অন্তর্ভুক্তি জোরদার করছি ও ভারতীয় গ্রাহক সংখ্যা বাড়াচ্ছি।' টিভি ও এয়ার-কন্ডিশনারের ওপর কম জিএসটি গ্রাহকদের তাঁদের ঋণের গড় আকার ৬% কমাতে সাহায্য করেছে। পাশাপাশি তাঁদের উচ্চমানের পণ্যতে আপগ্রেড করতে সাহায্য করেছে। টিভির জন্য গ্রাহক অর্থায়নে এক স্পষ্ট প্রিমিয়ামাইজেশনের প্রবণতা দেখা গেছে। ৪০ ইঞ্চি ও তার বেশি স্ক্রিনের জন্য ঋণ কোম্পানি কর্তৃক অর্থায়ন করা মোট টিভির ৭১%, যা গত বছর ৬৭% ছিল। বাজাজ ফিনান্স তার ডিজিটাল প্ল্যাটফর্ম ও অন-গ্রাউন্ড বিতরণ কেন্দ্রের মাধ্যমে ১.১ কোটি গ্রাহককে সেবা দেয়। বৃহত্তর স্বচ্ছতার জন্য, এটি ঋণ চুক্তির অংশ হিসাবে গ্রাহকদের ১৯টি ভাষায় মূল তথ্য বিবৃতি দেয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সেপ্টেম্বরে উন্মোচিত পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারগুলি 'জিএসটি সঞ্চয় উৎসব' চালু করেছেন, যা এক ঐতিহাসিক পদক্ষেপ, যা পরিবারের ওপর বোঝা কমাতে, জনগণের আকাঙ্ক্ষা পূরণ করতে আর উদ্যোক্তা, ব্যবসায়ী ও এমএসএমইদের জন্য ব্যবসা করার সহজতা বাড়াতে কর কাঠামোকে সরল করেছে ও কমিয়েছে। ২০১৭ সালে জিএসটি বাস্তবায়নের পর থেকে এইসব সংস্কারকে সবচেয়ে বড়ো সংস্কারের মধ্যে ১ টি বলে মনে করা হচ্ছে। পুনর্গঠিত জিএসটি হার ও ২০২৫ সালে আয়কর কমানোর লক্ষ্য হল ভারতীয় পরিবারের ক্রয় ক্ষমতা বাড়ানো ও ভারতের অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির দৃষ্টিভঙ্গিকে শক্তিশালী করা।

## টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির 'দ্রোণাচার্য অ্যাওয়ার্ড'



**সুখবর ব্যুরো :** বুধবার টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির সেমিনার হলে ৪০০জন সম্মানিত প্রতিষ্ঠানের প্রধানদের বিষয়ভিত্তিক শিক্ষক ও মুখ্য সংযোগ আধিকারিকদের তাঁদের শিক্ষার প্রসারের প্রতি গভীর অবদানের জন্য পুরস্কৃত করা হয়। ছিলেন পশ্চিমবঙ্গের বিজ্ঞান, প্রযুক্তি ও বায়োটেকনোলজির ভারপ্রাপ্ত মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস, অভিনেত্রী দর্শনা বণিক, প্রফেসর মানসী রায় চৌধুরী (কো চেয়ারপার্সন টেকনো ইন্ডিয়া গ্রুপ ও কো-চ্যান্সেলর টেকনো ইন্ডিয়া ইউনির্ভাসিটি), ডঃ চিরঞ্জীব ভট্টাচার্য (ভাইস চ্যান্সেলর যাদবপুর ইউনির্ভাসিটি ও প্রেসিডেন্ট ওয়েস্ট বেঙ্গল কাউন্সিল অফ হায়ার সেকেন্ডারি এডুকেশন) মিস পৌলিন লারাভরি (স্থায়ী পরিচালিকা, টেকনো ইন্ডিয়া গ্রুপ)। এদিন প্রফেসর মানসী রায় চৌধুরী পুরস্কার প্রাপকদের মুখ্য ভূমিকার ওপর জোর দিয়ে বলেন, 'দ্রোণাচার্য অ্যাওয়ার্ড প্রাপকরা আমাদের সোসাইটির প্রকৃত স্রষ্টা। তাঁরা শুধু জ্ঞান প্রদান করেন না। তাঁরা সমালোচনামূলক চিন্তা-ভাবনা, সৃষ্টি ও নৈতিক দিক নির্দেশনা করেন যা পরবর্তী প্রজন্মকে পথ দেখায়।' টেকনো ইন্ডিয়া গ্রুপের চিফ ইনোভেশন অফিসার ও এক্সিকিউটিভ ডিরেক্টর মি. মেঘদূত রায়চৌধুরী সম্মানিতদের জানান, 'উদ্ভাবন অনুপ্রেরণা দিয়ে শুরু হয়। দ্রোণাচার্য পুরস্কার প্রাপকরা সম্ভাবনা ও অগ্রগতির যোগাযোগের গুরুত্বপূর্ণ মাধ্যম।' দ্রোণাচার্য অ্যাওয়ার্ড অনুষ্ঠানটি হল রাজ্যের শিক্ষকের স্বীকৃতি দেওয়ার অঙ্গীকার।

**বিজ্ঞপ্তি**

সকলকে জানানো যাইতেছে যে, আমার মক্কেল মোস্তাকিন গাজী ২০২১ সালের ৪৪৫২ নং রেজিস্ট্রীকৃত আমমোক্তার দলিলদাতা তৌফিকুর রহমানের নিকট হইতে পশ্চিম মধ্যমপুর মৌজায় জে.এল. নং ৯৮, এল.আর. খতিয়ান ২২৫৩, ২২৫৭, ২২৫৮, ৮৬৩ দাগে ১১ শতক জমি ৬৭১৪ নং কোবলা দলিল মূলে খরিদ করেন। আমার মক্কেল জমিটি MN Case No. 7979 কেস মূলে বসিরহাট, বি.এল. এন্ড এল.আর.ও. অফিসে রেকর্ড করিবার জন্য আবেদন করিয়াছেন। রেকর্ড করিবার বিষয়ে যদি কাহারো কোন আপত্তি থাকে তাহা হইলে ১ মাসের মধ্যে বি.এল. এন্ড এল.আর.ও. অফিসে লিখিতভাবে জানান। বর্তমানে পাওয়ার দাতা ও গ্রহীতা জীবিত।

তপন মন্ডল
এ্যাডভোকেট, বসিরহাট কোর্ট, বসিরহাট

**বিজ্ঞপ্তি**

সকলকে জানানো যাইতেছে যে, আমার মক্কেল বাপী দাস ২০১৩ সালের ৯ নং রেজিষ্ট্রীকৃত আমমোক্তার দলিলদাতা নেপাল অধিকারীর নিকট হইতে বালিপুর মৌজায় জে.এল. নং ১০০, এল.আর. খতিয়ান ১৫৬, ১৬৭ দাগে ৪.৯৫ শতক জমি ৫৫২৬ নং কোবলা দলিল মূলে খরিদ করেন। আমার মক্কেল জমিটি MN Case No. 9886 কেস মূলে বসিরহাট, বি.এল. এন্ড এল.আর.ও. অফিসে রেকর্ড করিবার জন্য আবেদন করিয়াছেন। রেকর্ড করিবার বিষয়ে যদি কাহারো কোন আপত্তি থাকে তাহা হইলে ১ মাসের মধ্যে বি.এল. এন্ড এল.আর.ও. অফিসে লিখিতভাবে জানান। বর্তমানে পাওয়ার দাতা ও গ্রহীতা জীবিত।

তপন মন্ডল
এ্যাডভোকেট, বসিরহাট কোর্ট, বসিরহাট

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, আমার মক্কেল সরস্বতী সরকার গত ইংরাজী বসিরহাট সাবরেজিস্ট্রী অফিসে ০৬৪ নং আমমোক্তার দলিল গ্রহিতা লাবণী চন্দ এবং সঞ্জয় মল্লিক এর নিকট হইতে মির্জ্জাপুর মৌজায় জে.এল. ৪১, ৫৩০ এবং ৫৩১ দাগে মোট ২৯ শতক সম্পত্তির মধ্যে ১.৮৬৮ শতক সম্পত্তি ২২৯ নং কোবলা দলিল মূলে খরিদ করেন। উক্ত সম্পত্তি ৭০৯৭/২৫ নং কেস মূলে রেকর্ড করিবার জন্য বসিরহাট বি.এল. এন্ড এল.আর.ও, বসিরহাট-১ নং অফিসে আবেদন করিয়াছেন। উক্ত সম্পত্তি রেকর্ড করিবার বিষয়ে যদি কাহার কোন আপত্তি থাকে, তাহা হইলে বসিরহাট বি.এল. এন্ড এল.আর.ও. বসিরহাট-১ নং অফিসে লিখিতভাবে জানান। বর্তমানে পাওয়ার দাতা ও গ্রহীতা জীবিত আছেন।

তপন মন্ডল
এ্যাডভোকেট, বসিরহাট কোর্ট, বসিরহাট

Ghurisha Gram Panchayet of Illambazar Block has published eTender at wbtenders.gov.in for Drain. Details below

**Date of Publication : 22.10.2025**
**Starting of Bid Submission : 22.10.2025**
**Ending of Bid submission : 10.11.2025**
**Opening Date : 12.11.2025**
**NIeT No. : 07/GGP/25-26 vide memo 253/GGP/2025 dated 17.10.2025**
**Sl. No. 01 to 05**
**For any other query may visit to the office of Ghurisha Gram Panchayet, Birbhum (WB).**

**Prodhan
Ghurisha GP**

**এন.ই. ইলেক্ট্রনিক্স লিমিটেড**

২১/৭, সাহাপুর কলোনী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০৫৩
CIN : L32203WB1983PLC282005
ই-মেল আইডি : ne_electronic@yahoo.co.in;
ওয়েবসাইট : www.neelectronics.co.in; টেলি : +৯১-৯১৬৩৫১৩০১৫

এন.ই. ইলেক্ট্রনিক্স লিমিটেডের ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষান্মাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (আইএনডি-এএস) অনুযায়ী তৈরি করা হয়েছে (অর্থাঙ্ক লাখ টাকায়)

৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষান্মাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৪ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ২.২৮ | ২.২৫ | ৯.৩৩ |
| এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (কর, ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার আগে) | ০.৩৯ | ০.৪৩ | (৫.৩৭) |
| করের আগে এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে) | ০.৩৯ | ০.৪৩ | (৫.৩৭) |
| করের পর এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে) | ০.৩৯ | ০.৩০ | (৫.৪৯) |
| এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় (এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)) | ০.৩৯ | ০.৩০ | ১৫.২৯ |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ৫০০১.২৫ | ৫০০১.২৫ | ৫০০১.২৫ |
| মজুত (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত সংরক্ষণ) | - | - | ৮৩৮.৪৫ |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | |
| (ক) মূল : | ০.০১ | ০.০১ | ০.০৩ |
| (খ) লঘুকৃত : | ০.০১ | ০.০১ | ০.০৩ |

দ্রষ্টব্য :
১. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি অডিটি কমিটি দ্বারা রিভিউ করা হয়েছে ও ০৪.১১.২০২৫ তারিখে মঙ্গলবার অনুষ্ঠিত সভায় বোর্ড অফ ডিরেক্টরগণ এর রেকর্ড রেখেছেন। ৩০.০৯.২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষান্মাসিকের আর্থিক ফলাফল কোম্পানির সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ দ্বারা লিমিটেড রিভিউ সম্পাদন করা হয়েছে।
২. সেবি (লিস্টিং অবলিগেশন্স অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট(www.msei.in ) ও কোম্পানীর ওয়েবসাইটে www.neelectronics.co.in
৩. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৫ এর ('আইএনডি এএস') এর কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর সেকশন ১৩৩ সহ কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৫ ও সময়ে সময়ে সংশোধিত কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৬ এর রুল ৩ এর সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি করা হয়েছে।

এন.ই. ইলেক্ট্রনিক্স লিমিটেড এর পক্ষে ও সমর্থনে
স্বাঃ/-
স্বপন সরকার
ডিরেক্টর
DIN : 05149442
তারিখ : ০৪ নভেম্বর, ২০২৫
স্থান : কলকাতা

**লাফফান সফটওয়্যার লিমিটেড**

২১/৭, সাহাপুর কলোনী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০৫৩
CIN : L72200WB1985PLC282004
ই-মেল আইডি : laffan@mail.com;
ওয়েবসাইট : www.laffan.co.in; টেলি : +৯১-৯১৬৩৫১৩০১৫

লাফফান সফটওয়্যার লিমিটেডের ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষান্মাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (আইএনডি-এএস) অনুযায়ী তৈরি করা হয়েছে (অর্থাঙ্ক লাখ টাকায় )

৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষান্মাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৪ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ১.৮৭৫ | ১.৮৭৫ | ১১.০৯০ |
| এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (কর, ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার আগে) | ০.১৩০ | ০.২০১ | (৪.৯৫৩) |
| করের আগে এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে) | ০.১৩০ | ০.২০১ | (৪.৯৫৩) |
| করের পর এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে) | ০.১৩০ | ০.২০১ | (৪.৯৫৩) |
| এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় (এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)) | ০.১৩০ | ০.২০১ | ৩.৪৭৯ |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ১৫২২.১৭০ | ১৫২২.১৭০ | ১৫২২.১৭০ |
| মজুত (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত সংরক্ষণ) | - | - | ৭৪৭.৪৯৫ |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | |
| (ক) মূল : | ০.০০১ | ০.০০১ | ০.০২৩ |
| (খ) লঘুকৃত : | ০.০০১ | ০.০০১ | ০.০২৩ |

দ্রষ্টব্য :
১. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি অডিটি কমিটি দ্বারা রিভিউ করা হয়েছে ও ০৪.১১.২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় বোর্ড অফ ডিরেক্টরগণ এর রেকর্ড রেখেছেন। ৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষান্মাসিকের আর্থিক ফলাফল কোম্পানির সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ দ্বারা লিমিটেড রিভিউ সম্পাদন করা হয়েছে।
২. সেবি (লিস্টিং অবলিগেশন্স অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট(www.msei.in ) ও কোম্পানীর ওয়েবসাইটে www.laffan.co.in
৩. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৫ এর ('আইএনডি এএস') এর কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর সেকশন ১৩৩ সহ কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৫ ও সময়ে সময়ে সংশোধিত কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৬ এর রুল ৩ এর সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি করা হয়েছে।

লাফফান সফটওয়্যার লিমিটেড এর পক্ষে ও সমর্থনে
স্বাঃ/-
সন্দীপ কুমার সিং
ডিরেক্টর
(DIN : 08443518)
তারিখ : ০৪ নভেম্বর ২০২৫
স্থান : কলকাতা

**লজিক ইনফোটেক লিমিটেড**

২১/৭, সাহাপুর কলোনী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০৫৩
CIN : L51909WB1985PLC281953
ই-মেল আইডি : lil_logic90@hotmail.com;
ওয়েবসাইট : www.logicinfotech.co.in; টেলি : +৯১ ৯১৬৩৫১৩৪৬৭

লজিক ইনফোটেক লিমিটেডের ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষান্মাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (আইএনডি-এএস) অনুযায়ী তৈরি করা হয়েছে (অর্থাঙ্ক লাখ টাকায় )

৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষান্মাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৪ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ২.৭০ | ২.৭০ | ১০.৮০ |
| এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (কর, ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার আগে) | ০.৭৯ | ০.১২ | (১.৫৫) |
| করের আগে এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে) | ০.৭৯ | ০.১২ | (১.৫৫) |
| করের পর এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে) | ০.৭৯ | ০.১২ | (০.০৩) |
| এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় (এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)) | ০.৭৯ | ০.১২ | ১৪.৩৩ |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ২৬৩৯.৫১ | ২৬৩৯.৫১ | ২৬৩৯.৫১ |
| মজুত (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত সংরক্ষণ) | - | - | ৭৪৮.০০ |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | |
| (ক) মূল : | ০.০০৩ | - | ০.০৫ |
| (খ) লঘুকৃত : | ০.০০৩ | - | ০.০৫ |

দ্রষ্টব্য :
১. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি অডিটি কমিটি দ্বারা রিভিউ করা হয়েছে ও ০৪.১১.২০২৫ তারিখে মঙ্গলবার অনুষ্ঠিত সভায় বোর্ড অফ ডিরেক্টরগণ এর রেকর্ড রেখেছেন।
২. সেবি (লিস্টিং অবলিগেশন্স অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর সমাপ্ত ত্রৈমাসিকের একত্রিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত একত্রিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট(www.msei.in ) ও কোম্পানীর ওয়েবসাইটে www.logicinfotech.co.in
৩. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৫ এর ('আইএনডি এএস') এর কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর সেকশন ১৩৩ সহ কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৫ ও সময়ে সময়ে সংশোধিত কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৬ এর রুল ৩ এর সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি করা হয়েছে।

লজিক ইনফোটেক লিমিটেড এর পক্ষে ও সমর্থনে
স্বাঃ/-
স্বপন সরকার
ম্যানেজিং ডিরেক্টর
DIN : 05149442
তারিখ : ০৪ নভেম্বর, ২০২৫
স্থান : কলকাতা

# বারুইপুর রায়চৌধুরী বাড়ির ৩৫০ বছরের রাস উৎসব শুরু

**প্রদীপকুমার সিংহ, বারুইপুর :** মঙ্গলবার রাতে বারুইপুরে রায়চৌধুরীবাড়ির ৩৫০ বছরের রাস উৎসব শুরু হয় রাস মাঠে। রায়চৌধুরীর বাড়ি স্টেটের সদস্য অমিয় রায়চৌধুরী বলেন, 'এই রাস উৎসব ৩৫০ বছরের পুরাতন। শুরু হয় কালী পুজোর ১৫ দিন বাদে যে পূর্ণিমা হয় সেইদিনই। একে রাস পূর্ণিমা বলে। আর সেদিনই রাস উৎসব শুরু হয় আমাদের রায়চৌধুরী পরিবারে। জমিদার বাড়ি বলে আগে যেমন জাকজমকে এই রাস উৎসব হত, এখন সেই বৈভব নেই। তবে ঐতিহ্যটাকে এখনো ধরে রেখেছি। এই রাস উপলক্ষে শ্রীকৃষ্ণ ও রাধার ৩ দিন ৩টি বেশ হয়। প্রথম দিন রাখাল বেশ। দ্বিতীয় দিন নটবর বেশ আর তৃতীয় দিন রাজ বেশ হয়। মঙ্গলবার রাসের প্রথম দিন কৃষ্ণ ও রাধাকে রাখাল বেশে নাট মন্দিরে থেকে রাস মঞ্চে নিয়ে গিয়ে সিংহাসনে বসানো হয়। আগে বিকেলে প্রথমে পুতুল নাচ হত। যেহেতু পুতুল নাচ খেলা অবলুপ্ত হয়ে গেছে তাই হাতে দড়ি টানা পুতুল নাচ দেখানো হয়। এই পুতুল নাচের মাধ্যমে রামায়ণ-মহাভারতের গল্প দেখানো



হয়। সন্ধ্যায় আরতি হয়। এরপর তরজা ও যাত্রা চলে। তারপর রাস লীলার কীর্তন হয় ও যাত্রা হয়। শেষে আতশবাজি পোড়ানো হয়। পুতুল নাচ আর তরজা যাত্রা দেখার জন্য গ্রাম গঞ্জ থেকে কয়েক হাজার লোক রাসমঞ্চের কাছে ভিড় করেন। মঙ্গলবার বিকেল থেকে শুরু হয়েছিল। বুধবার ভোর রাত পর্যন্ত চলে। রাসের মূল আকর্ষণ সার্কাস। এবার রাজধানী সার্কাস বসেছে।' মঙ্গলবার রাস পূর্ণিমা উপলক্ষে রাসমঞ্চে পুজো হয়। ১মাস ধরে রাস মাঠে মেলা বসে। এই মেলায় বিভিন্ন ব্যবসায়ীরা নানান পশরা নিয়ে বসেন। এলাকার মানুষের সারা বছরের আয় হয়। দক্ষিণ ২৪ পরগনা জেলা তথা কলকাতাসহ বিভিন্ন জেলার মানুষ এখানে এই রাস উৎসব দেখতে রাস মাঠে ভিড় করেন। বাচ্চাদের বিনোদনের জন্য নাগরদোলা, ট্রয় ট্রেন, হাম্পিং জাম্পিং শিশুদের এন্টারটেইনমেন্ট খেলাসহ বিভিন্ন রাইড এবার বসেছে। বাদাম, জিলাপি, মিষ্টি কটকটি, গজার দোকান বসেছে। সেইসঙ্গে লোহার ছুরি-কাঁচি, বঁটি, হাতুড়ি, কাঠের খাট, আলমারি, বেঞ্চ, টেবিল-চেয়ার আর সংসারের যাবতীয় দরকারি জিনিস সহ বাচ্চাদের খেলনা, প্লাস্টিকের বালতির দোকান বসেছে।

## ICICI Prudential Asset Management Company Limited

**Corporate Identity Number:** U99999DL1993PLC054135

**Registered Office:** 12th Floor, Narain Manzil, 23, Barakhamba Road, New Delhi - 110 001. **Corporate Office:** ICICI Prudential Mutual Fund Tower, Vakola, Santacruz East, Mumbai – 400 055; Tel: +91 22 6647 0200/2652 5000 Fax: +91 22 6666 6582/83, Website: www.icicipruamc.com, Email id: enquiry@icicipruamc.com **Central Service Office:** 2nd Floor, Block B-2, Nirlon Knowledge Park, Western Express Highway, Goregaon (E), Mumbai - 400 063. Tel.: 022 2685 2000 Fax: 022 26868313

**Notice to the Investors/Unit holders of ICICI Prudential Bond Fund (the Scheme)**

Notice is hereby given that ICICI Prudential Trust Limited, Trustee to ICICI Prudential Mutual Fund has approved the following distribution under Income Distribution cum capital withdrawal option (IDCW option) of the Scheme, subject to availability of distributable surplus on the record date i.e. on November 10, 2025*:

| Name of the Scheme/Plans | Quantum of IDCW (₹ per unit) (Face value of ₹ 10/- each)$# | NAV as on November 4, 2025 (₹ Per unit) |
|---|---|---|
| ICICI Prudential Bond Fund | | |
| IDCW Quarterly | 0.0643 | 11.3267 |
| Direct Plan – IDCW Quarterly | 0.0780 | 11.7095 |

$ The distribution will be subject to the availability of distributable surplus and may be lower depending upon the extent of distributable surplus available on the record date under the IDCW option of the Scheme.

\# Subject to deduction of applicable statutory levy, if any.

* or the immediately following Business Day, if that day is a Non – Business Day.

The distribution with respect to IDCW will be done to all the unit holders/beneficial owners whose names appear in the register of unit holders/Statement of beneficial owners maintained by the Depositories, as applicable under the IDCW option of the Scheme, at the close of business hours on the record date.

**It should be noted that pursuant to payment of IDCW, the NAV of the IDCW option of the Scheme would fall to the extent of payout and statutory levy (if applicable).**

For ICICI Prudential Asset Management Company Limited

Place: Mumbai Sd/-
Date : November 5, 2025 Authorised Signatory

No. 003/11/2025

To know more, call 1800 222 999/1800 200 6666 or visit www.icicipruamc.com

Investors are requested to periodically review and update their KYC details along with their mobile number and email id.

To increase awareness about Mutual Funds, we regularly conduct Investor Awareness Programs across the country. To know more about it, please visit https://www.icicipruamc.com or visit AMFI's website https://www.amfiindia.com

**Mutual Fund investments are subject to market risks, read all scheme related documents carefully.**

For All Advertisement Booking
Call : 9836677433, 7003319424

